গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
www.mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১১১.১০.০১২.১৮-৭৮২

তারিখ: ২৪ আশ্বিন ১৪২৬
০৯ অক্টোবর ২০১৯

বিষয়: মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় হতে ৪১৬ জন কর্মকর্তার অনুকূলে মোবাইলফোন সংযোগের মঞ্জুরি প্রদানে সম্মতি প্রদান

সূত্র: মৎস্য ও প্রাণীসম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৩৩.০০.০০০০.১২৬.০৫.০৫০.১৫-১৩৪; তারিখ: ১৩/০৩/১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় হতে প্রেরিত তালিকায় উল্লিখিত ৪১৬ জন কর্মকর্তার পদের অনুকূলে মোবাইলফোন সংযোগের মঞ্জুরি প্রদানে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো।

সংযুক্তি: ৪১৬ জন কর্মকর্তার পদের তালিকা

৯-১০-২০১৯
আবু কায়সার খান
উপসচিব
ফোন: ৯৫৪০১৫৯
ইমেইল: admincord@mopa.gov.bd

সচিব, সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়



Scanned by CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য -১ অধিশাখা
www.mofl.gov.bd

নং-৩৩.০০.০০০০.১২৬.০৫.০৫০.১৫-১৩৪

তারিখঃ ২৯ ফাল্গুন ১৪২৫ / ১৩ মার্চ ২০১৯

বিষয়ঃ [redacted] সরকারি টেলিফোন, সেলুলার, ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালা, ২০১৮-এ মোবাইল ফোন সংযোগের প্রাধিকার তালিকায় বিসিএস (মৎস) ক্যাডারের উপজেলা ও জেলা পর্যায়ের কর্মকর্তাদের অন্তর্ভুক্ত করণ প্রসঙ্গে।

সরকারী কর্মচারীদের সরকারি ব্যয়ে টেলিফোন ও ইন্টারেনেট সংশ্লিষ্ট সেবা-সুবিধা সুশৃঙ্খল ও যুগোপযোগীকরণের স্বার্থে 'সরকারি টেলিফোন সেলুলার, ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালা, ২০১৮' প্রণয়ন করা হয়েছে। উক্ত নীতিমালায় মোবাইল ফোন সংযোগের প্রাধিকার তালিকায় মাঠ পর্যায়ের অন্যান্য দপ্তরের কর্মকর্তাদের পদবি অন্তর্ভুক্ত করা হলেও মৎস্য অধিদপ্তরের উপজেলা ও জেলা পর্যায়ে কর্মরত বিসিএস (মৎস্য) ক্যাডার কর্মকর্তাগণের পদবি অন্তর্ভুক্ত করা হয়নি।

০২। বিসিএস (মৎস্য) ক্যাডারের মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তাগণ মাছচাষের আধুনিক কলাকৌশল ও মৎস্যচাষ সম্প্রসারণ সম্পর্কিত তথ্য সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে নিরলসভাবে কাজ করে চলছেন। এ ছাড়া নিরাপদ মৎস্য উৎপাদন নিশ্চিতকরণের লক্ষ্যে মৎস্য সংক্রান্ত আইন বাস্তবায়নে অভিযান পরিচালন, মোবাইল কোর্ট আয়োজনসহ সময়ে সময়ে সরকার কর্তৃক আরোপিত বিভিন্ন জনগুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করছেন।

০৩। উল্লেখ্য, মৎস্য অধিদপ্তরের ৫ম ও তদুর্ধ্বে গ্রেডের মোট ১৮৩ জন কর্মকর্তাকে মোবাইল ভাতা উত্তোলনের জন্য ইতোপূর্বে মঞ্জুরি আদেশ দেয়া হয়েছে (কপি সংযুক্ত)। 'সরকারি টেলিফোন, সেলুলার, ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালা, ২০১৮'-এ বর্ণিত মোবাইল ফোন সংযোগের প্রাধিকার তালিকায় তাঁদের পদনাম উল্লেখ না থাকায় বর্তমানে মঞ্জুরি আদেশপ্রাপ্ত কর্মকর্তাগণ মোবাইল ভাতা পাচ্ছেন না। বিধায় বিসিএস (মৎস্য) ক্যাডারের ৫ম ও সমমানের এবং ৬ষ্ঠ ও সমমানের গ্রেডের কর্মকর্তাদের প্রাধিকার তালিকায় অন্তর্ভুক্তি আবশ্যক।

০৪। 'সরকারি টেলিফোন, সেলুলার, ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালা, ২০১৮'- এর প্রাধিকার তালিকায় অন্তর্ভুক্তসহ জেলা মৎস্য কর্মকর্তা/সমমানের (৫ম গ্রেড) ১৪৩ জন, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/ সমমানের (৬ষ্ঠ গ্রেড) ২৭৩ জনসহ মোট ৪১৬ জন কর্মকর্তার অনুকূলে মোবাইল ফোন সংযোগের মঞ্জুরি প্রদানের সম্মতি দেওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

স্বাঃ
হাফছা বেগম
উপসচিব
টেলিঃ ৯৫৭৭২৬২

সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
**{দৃ:আ: অতিরিক্ত সচিব (প্রশাসন)}**

নং-৩৩.০০.০০০০.১২৬.০৫.০৫০.১৫-১৩৪

তারিখঃ ২৯ ফাল্গুন ১৪২৫ / ১৩ মার্চ ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ
১। মহা-পরিচালক (চলতি দায়িত্ব), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩। যুগ্মসচিব (মৎস্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

হাফছা বেগম
উপসচিব
টেলিঃ ৯৫৭৭২৬২



Scanned by CamScanner

মৎস্য অধিদপ্তরের মোবাইল ফোনভাতা প্রাধিকার তালিকাভুক্তিযোগ্য বিসিএস (মৎস্য) ক্যাডার পদের বিবরণ

| ক্রঃ নং | পদের নাম | বেতন গ্রেড | পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | জেলা মৎস্য কর্মকর্তা | ৫ম গ্রেড | ৬৪ | |
| ২. | জেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) | ৫ম গ্রেড | ৬ | |
| ৩. | সিনিয়র সহকারী পরিচালক | ৫ম গ্রেড | ৬৪ | |
| ৪. | সিনিয়র সহকারী পরিচালক | ৫ম গ্রেড | ৭ | ময়মনসিংহ বিভাগ ব্যতিত ৭টি বিভাগের জন্য |
| ৬.৫ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা | ৬ষ্ঠ গ্রেড | ২৪১ | |
| ৪.৬ | ফিসারিজ কোয়ারেন্টাইন অফিসার | ৬ষ্ঠ গ্রেড | ১৭ | |
| ৫.৭ | উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা | ৬ষ্ঠ গ্রেড | ২ | |
| | মোট | | ৪০১ | |

মোবাইল ফোনভাতা প্রাধিকার তালিকাভুক্তিযোগ্য নন-ক্যাডার পদের বিবরণ

| ক্রঃ নং | পদের নাম | বেতন গ্রেড | পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | আঞ্চলিক মৎস্য কর্মকর্তা | ৫ম গ্রেড | ২ | |
| ২. | সহকারী পরিচালক | ৬ষ্ঠ গ্রেড | ৩ | |
| ৩. | বাওড় ব্যবস্থাপক | ৬ষ্ঠ গ্রেড | ৬ | |
| ৪. | প্রজেক্ট ম্যানেজার | ৬ষ্ঠ গ্রেড | ১ | |
| ৫. | হ্যাচারী ম্যানেজার | ৬ষ্ঠ গ্রেড | ১ | |
| ৬. | অধ্যক্ষ | ৬ষ্ঠ গ্রেড | ১ | |
| ৭. | ট্রেনিং অফিসার | ৬ষ্ঠ গ্রেড | ১ | |
| | মোট | | ১৫ | |

(স্বাক্ষর) ১৪/২/২০১৯

হাফছা বেগম
উপসচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

E:\Abdullah-17\Note\Note.docx

Scanned by CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়**
হিসাব ভবন
সেগুনবাগিচা,ঢাকা-১০০০।

স্মারক নং-০৭.০৩.০০০.০০১.৩৭.৩২০.১৫-২৬৮৬ তারিখ ঃ ১৮/০৮/২০১৮ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ এর ২৬/০৬/২০১৮ খ্রিঃ তারিখের মোবাইলফোন ও মেবাইলে ইন্টারনেট ব্যবহারের জন্য প্রাপ্য ভাতা উত্তোলন সংক্রান্ত স্মারক নং-০৭.০০.০০০০.১৭৩.২২.০৪৬.১৪-৫২ এর পত্রটি নিম্নবর্ণিত কার্যালয়ে পুনঃ পৃষ্ঠাংকন করা হলো ঃ

১। সিজিএ মূল কার্যালয়ের কর্মকর্তা (সকল) ।
২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
৩। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)।
৪। জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
৫। পি এস টু সিজিএ ।
৬। অফিস কপি/গার্ড ফাইল ।

১৮/০৮/১৮
(মুঃ শরিফুল ইসলাম)
সহকারী হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন)
ফোন ঃ ৯৩৫৬৫০৯।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-৩ অধিশাখা
website: www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭৩.২২.০৪৬.১৪-৫২

তারিখঃ ১২/০৩/১৪২৫ বঃ
২৬/০৬/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ মোবাইলফোন ও মোবাইলে ইন্টারনেট ব্যবহারের জন্য প্রাপ্য ভাতা উত্তোলন।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ০৪ জুন,২০১৮ তারিখের ০৫.০০.০০০০.১১১.১০.০১০.১৫-৩৪৪নং স্মারকে জারীকৃত 'সরকারি টেলিফোন, সেলুলার, ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালা, ২০১৮' এর ৬ষ্ঠ পরিচ্ছেদের অনুচ্ছেদ ২৯-এ উল্লিখিত প্রাধিকারভুক্ত কর্মচারীগণের মধ্যে যারা অনুচ্ছেদ ৩৪ অনুযায়ী নির্দিষ্ট হারে মোবাইল/সেলুলার ফোন ভাতা প্রাপ্য তাঁরা মাসিক বেতন বিলের সাথে নিম্নরূপ হারে এ ভাতা উত্তোলন করবেন ঃ

(ক) অতিরিক্ত সচিব, জেলা ও দায়রা জজ, যুগ্মসচিব, যুগ্মপ্রধান, প্রাধিকারপ্রাপ্ত সমমর্যাদাসম্পন্ন কর্মচারীগণ মোবাইল/সেলুলার ফোন ভাতা (ইন্টারনেট ব্যবহারসহ) বাবদ মাসিক ১,৫০০/-(এক হাজার পাঁচশত) টাকা ; এবং

(খ) প্রাধিকারপ্রাপ্ত অন্যান্য কর্মচারীগণ মোবাইল/সেলুলার ফোন ভাতা (ইন্টারনেট ব্যবহারসহ) বাবদ মাসিক ১,০০০/-(এক হাজার) টাকা।

২। এ ভাতা উত্তোলনের জন্য সংশ্লিষ্ট কর্মচারীকে তাঁর ব্যবহৃত মোবাইল/সেলুলার ফোনের সংযোগ নম্বরটি সংশ্লিষ্ট দপ্তর প্রধান/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে আবশ্যিকভাবে অবহিত করতে হবে।

৩। অর্থ বিভাগ কর্তৃক ইতোপূর্বে জারীকৃত সরকারি মোবাইলফোন ও মোবাইলে ইন্টারনেট ব্যবহারের জন্য প্রাপ্য ভাতা বিষয়ক এতদসংক্রান্ত সকল অফিস স্মারক এতদ্দ্বারা বাতিল করা হলো।

২৬/৬/২০১৮
(লায়লা মুনতাজেরী দীনা)
উপসচিব
ফোনঃ ৯৫৬১১৩১

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ অডিট হাউজ, ৭৭/৭, কাকরাইল, ঢাকা(তাঁর আওতাভুক্ত সকল অফিসে অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
৩। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব-----------------------------(সকল মন্ত্রণালয়/বিভাগ) (তাঁর আওতাভুক্ত সকল অফিসে অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
৪। হিসাব মহা-নিয়ন্ত্রক, হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা(তাঁর আওতাভুক্ত সকল অফিসে অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। অফিস কপি।